

Office of the Registrar
Chittagong Medical University
BITID Building
Fouzderhat, Chittagong, Bangladesh
Phone: 0244075146



রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়
বিআইটিআইডিভবন
ফৌজদারহাট, চট্টগ্রাম, বাংলাদেশ
ফোন: ০২৪৪০৭৫১৪৬

E-Mail: ismailbangladesh@yahoo.com, cnu1424@gmail.com

স্মারক নং- চমেবি/রেজি:/গবে:/২০২২/ ১৮৩

০৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
তারিখঃ -----
২১ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ গবেষণার জন্য প্রটোকল জমা দেওয়া প্রসঙ্গে।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম পরিচালনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক মেডিকেল এডুকেশন ও হেলথ কেয়ার সিস্টেম সম্পর্কিত উপযুক্ত বিষয়কে গবেষণার জন্য গ্র্যান্ট দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। আপনার কলেজের আর্থ্রী গবেষককে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সংযুক্ত Proforma অনুযায়ী বাজেটসহ নিম্নোক্ত শর্তসাপেক্ষে গবেষণা পত্রের প্রটোকল আগামী ৩১-৮-২০২২ ইং তারিখের মধ্যে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তসমূহ:

- ১। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট Proforma অনুযায়ী গবেষণা প্রটোকল জমা দিতে হবে।
- ২। Research Protocol এ Institutional Review Board/ Ethical Review Committee এর Clearance থাকতে হবে।
- ৩। গবেষণার বাজেট ০৩ (তিন) লক্ষ টাকার বেশি হতে পারবে না।
- ৪। Inform Consent বাংলা এবং ইংরেজীতে দিতে হবে।
- ৫। কমপক্ষে ১০টি থেকে ৩০ টি রেফারেন্স থাকতে হবে।
- ৬। গবেষণার মেয়াদকাল ০১ (এক) বছরের বেশি হতে পারবে না।
- ৭। জাতীয় পর্যায়ে বা কোন ইনস্টিটিউটে চলমান বিষয়ের উপর প্রটোকল গ্রহণ করা হবে না।
- ৮। গবেষণার ক্ষেত্রে কোন খাতে কত খরচ হয়েছে বিস্তারিত হিসাবের বিবরণ ভাউচারসহ দিতে হবে।
- ৯। থিসিস/ডিসার্টেশন কোনভাবে গবেষণা প্রটোকল হিসেবে গ্রহণ করা হবে না।
- ১০। এমডি/এফসিপিএস শিক্ষার্থীরা প্রধান গবেষক (Principal Investigator) হতে পারবে না।
- ১১। যে কোন গবেষক একটি মাত্র গবেষণা কর্মে প্রধান গবেষক হিসেবে নিয়োজিত থাকতে পারবেন।
- ১২। Research Protocol এ Declaration থাকতে হবে যে Research Protocol বাজেটসহ উপস্থাপন করার পর তা চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সম্পদ হিসেবে গন্য হবে এবং চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অনুমতি ব্যতীত কোন জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে প্রকাশ করা যাবে না।
- ১৩। গবেষণা কর্ম সম্পন্ন হওয়ার পর উক্ত গবেষণা কর্মের ০৫ কপি বাঁধাই করে ও সফট কপি আর্টিকেল ফরম্যাটে সিডি করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে।

উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের গবেষণা পরিচালনা কমিটির সিদ্ধান্ত এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নির্দেশনা মোতাবেক উল্লিখিত সময়ের পর আর কোন গবেষণার জন্য প্রটোকল গ্রহণ করা হবে না।

বিতরণ:


✓ অধ্যক্ষ

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সকল প্রতিষ্ঠান

স্মারক নং- চমেবি/রেজি:/গবে:/২০২২/ ১৮৩


অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ-সচিব), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭
- ২। সহকারী রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য)
- ৩। গবেষণা যাচাই বাছাই ও মূল্যায়ন কমিটি এবং গবেষণা পরিচালনা কমিটির সকল সদস্য
- ৪। সহকারী পরিচালক, অর্থ ও হিসাব, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়
- ৫। অফিস কপি।


21/07/22

ডা. হাসিনা নাসরীন
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়

০৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
তারিখঃ -----
২১ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ


21/07/22

ডা. সাইফুল আমিন
সহকারী পরিচালক (গবেষণা)
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়